

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট
প্রজ্ঞাপন

তারিখ : ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪২.০০.০০০০.০০০.০৩৪.২২.০০০১.১৮-১৬৮—ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল সূষ্ঠা ব্যবস্থাপনা ও মনিটরিং এর নিমিত্ত নিম্নরূপভাবে “জেলা ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি” পুনর্গঠন করা হলো:

(ক) কমিটির গঠন:

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে অবস্থান
(১)	জেলা প্রশাসক	সভাপতি
(২)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
(৩)	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৫)	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
(৬)	উপপরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর	সদস্য
(৭)	নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ বা পানি উন্নয়ন বোর্ড (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
(৮-১০)	সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় পর্যায়ের ০৩ (তিন) জন গণ্যমান্য ব্যক্তি (০১ জন নারী প্রতিনিধিসহ)	সদস্য

(২৫৫৫৭)

মূল্য : টাকা ৪.০০

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে অবস্থান
(১১)	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ছাত্র প্রতিনিধি	সদস্য
(১২)	যে সংস্থার নেতৃত্বে ডেজিং পরিচালিত হবে, উক্ত সংস্থার জেলা পর্যায়ের কর্মকর্তা/জেলা পর্যায়ের কর্মকর্তা না থাকলে উপযুক্ত 'প্রতিনিধি' সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

০১. কমিটি সরেজমিনে পরিদর্শন করে স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে রাস্তাঘাট, শিক্ষা বা ধর্মীয় প্রতিষ্ঠানের মাঠ ভরাট, ঈদগাহ, মসজিদ, মন্দির, কবরস্থান, শ্মশানঘাট, খেলার মাঠ, সরকারি খাসজমি, পতিত জমি ও অন্যান্য সরকারি/সামাজিক প্রতিষ্ঠানের নীচু জায়গা ভরাট/উন্নয়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদন (যদি থাকে) অগ্রাধিকার নির্ধারণপূর্বক প্রতিষ্ঠানের মধ্যে বিনামূল্যে ডেজড ম্যাটেরিয়াল বরাদ্দ প্রদান করবে;
০২. আবেদন না থাকলে কমিটি বিধি মোতাবেক উত্তোলিত ডেজড ম্যাটেরিয়ালের মূল্য নির্ধারণ, বিক্রি ও বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করবে, প্রতিযোগিতামূলক দর প্রাপ্তির লক্ষ্যে ডেজড ম্যাটেরিয়াল বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে পারবে, বিজ্ঞাপন খরচ সংশ্লিষ্ট সংস্থার বাজেট থেকে নির্বাহ করা হবে;
০৩. নির্ধারিত স্থান হতে উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান ও ব্যবস্থা গ্রহণ, যেমন- ডেজড ম্যাটেরিয়াল উত্তোলন কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান, ডেজড ম্যাটেরিয়াল সংরক্ষণের স্থান নির্ধারণ করবে;
০৪. উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল সরকারি খাসজমি/পতিত জমি/রিকুইজিশনকৃত জমিতে স্থাপন করে রাখার অনুমতি প্রদান করবে;
০৫. ডেজড ম্যাটেরিয়াল স্থাপনকরণের ক্ষেত্রে কোনো জটিলতা সৃষ্টি হলে তা নিরসন করবে;
০৬. পরিবেশ অধিদপ্তর এর প্রতিনিধি নদ-নদী ডেজিংয়ের ফলে পরিবেশ-প্রতিবেশের উপর সম্ভাব্য প্রভাব নিরূপণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করবে;
০৭. মা মাছের প্রজনন সময়ে মাছের আবাসস্থল/বিচরণক্ষেত্র/অভয়াশ্রম/ প্রজননক্ষেত্রসমূহে নদ-নদী ডেজিং বন্ধ রাখবে;
০৮. নদীর গতিপথের পরিবর্তন পর্যবেক্ষণ এবং এর ফলে নদী ভাঙন হচ্ছে কিনা অথবা নদী তীরবর্তী জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা তা পর্যালোচনা করে সুপারিশ প্রদান করবে;
০৯. নৌ-পথে নৌযান চলাচল সুগম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা এবং সুপারিশ প্রদান করবে;
১০. আন্তঃনদী সংযোগ স্থানসমূহ চিহ্নিতকরণ এবং খননের মাধ্যমে সচল রাখার ব্যবস্থা নিতে পারবে;

১১. নদ-নদী ড্রেজিংয়ের ফলে বাঁধ, স্থাপনা বা অবকাঠামো ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা বা ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে কিনা তা পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান করবে;
 ১২. উদ্ভূত কারিগরি সমস্যা কারিগরি কমিটির নিকট সমাধানের জন্য প্রেরণ করবে;
 ১৩. খাল-বিল, হাওর-বাঁওড় খননের উদ্যোগ প্রক্রিয়াকরণ ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান করবে;
 ১৪. অন্যান্য জনগুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে; এবং
 ১৫. প্রয়োজনে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করা যাবে।
- ০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মামুনুর রশীদ
উপসচিব।